[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

২০১৯-২০ অর্র্থ বছরের এল.জি.এস.পি’র বরাদ্ধ কৃত ৮৩ হাজার টাকা ব্যয়ে ১৯০ ফিট রাস্তা নির্মান করা হবে।

এ সময় উপস্থিত ছিলেন অত্র ইউনিয়নের ৬নং ওয়ার্ড সদস্য কবির আহম্মেদ ৮নং ইউপি আব্দুল মোতালেব সহ আরো উপস্থিত ছিলেন স্থানীয় সুধী জন।

এই রাস্তাটি নির্মানে এলাকার সকলের চলাচলের অনেক উপকার হবে বলে সন্তষ প্রকাশ করেন এর জন্য স্থানীয় হাসাদাহ ইউপি চেয়ারম্যান সহ ইউপি সদস্য কবির আহাম্মেদকে আন্তরিক ভাবে ধন্যবাদ জানান।

হাসাদাহ প্রেসক্লাবের উদ্দ্যোগে তালের বীজ রোপণ

জীবননগর উপজেলার হাসাদাহ প্রেসক্লাবের উদ্দ্যেগে হাসাদাহ তালপুকুর নামক স্থানে রাস্তার দুই পাশে তালের বীজ রোপণ করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম. মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ-সভাপতি সামছুল আলম , কোষাধাক্য বদরুজ্জামান শ্যামল, যুগ্ন সাধারণ সম্পাদক মুন্সি কবির হোসেন, দপ্তর ও প্রচার সম্পাদক আল আমিন, নির্বাহী সদস্য কবির আহম্মদ, বিপলুর রহমান, লিমন হোসেন।

আরো উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা আব্দুর রহমান, সাকিল আহমেদ, রুমন খান এবং এলাকার আরো অনেকেই ।

উপস্থিত সকলেই বলেন, তাদের এই তাল বীজ রোপণের কাজ অব্যাহত থাকবে।

হাসাদাহে পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় ১০০ পরিবার পানিবন্দী

জীবননগর উপজেলা হাসাদাহ বাজার থেকে মহেশপুর সড়কের ড্রেনটি বেশ কিছুদিন যাবত নষ্ট হয়ে রয়েছে। এতে ১০০ পরিবার দীর্ঘদিন যাবত জলাবদ্ধতায় বন্দী হয়ে রয়েছেন।

বর্ষার পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় মহল্লাহবাসী পরিবার-পরিজন ও গরু, ছাগল, মুরগী-পাখি নিয়ে পড়েছে মহা বিপদে। একটি মাত্র ড্রেন দীর্ঘদিন যাবত অচল অবস্থায় রয়েছে, ফলে পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় এই সমস্যার সৃষ্টি হচ্ছে বলে সকলের অভিযোগ।

আর এই পানি বন্দীর কারণে মহল্লায় বসবাসকারী অনেকের শরীরে পানিবাহিত বিভিন্ন রোগ উপসর্গ দেখা দিয়েছে। বর্তমানে ঐ মহল্লাবাসী অত্যন্ত মানবেতর জীবন যাপন করছে।

বিষয়টি নিয়ে মহল্লাবাসীর আহছান খন্দকার, আবু জাফর, মশিয়ার রহমানসহ অনেকে অভিযোগ করে বলেন যে, আমাদের হাসাদাহ বাজার থেকে মহেশপুর সড়কে পানি নিষ্কাশনের জন্য একটি ড্রেন নির্মাণ করা হয়েছিল।

কিছুদিন ড্রেনটি সচল থাকলেও কিছু অসাধু ব্যক্তির নিজেদের স্বার্থে সামনের অংশের ড্রেনের উপরে ময়লা আর্বজনা, ইট, বালি দিয়ে ড্রেনটি বন্ধ করে রেখেছে। ফলে ড্রেনটির পানি চলাচল একেবারেই বন্ধ হয়ে রয়েছে। এতে আমাদের বাড়ির উঠোনে এক হাটু পানি রয়েছে। এ্ই সমস্যাটি দীর্ঘদিন যাবত অল্প একটু বৃষ্টি হলেই জলাবদ্ধতার সৃষ্টি হয়। কারণ পানি বের হবার মত তেমন কোন ব্যবস্থা নেই।

হাসাদাহ ইউনিয়ের ৬নং ওয়ার্ডের মেম্বর কবির আহম্মদ বলেন, আমার বাড়ী ওই রাস্তা দিয়ে যেতে হয়। একবার বাড়ী থেকে বের হলে আর বাড়ীতে যেতে মন চায় না। ড্রেনের সমস্যাটি নিয়ে অনেকের সাথে কথা বলেছি, দেখা যাক কি হয় শেষ পর্যন্ত।

এ বিষয়টি নিয়ে জীবননগর উপজেলা চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান

বলেন, বিষয়টি আমি জেনেছি এবং পরির্দশনে মহল্লাবাসীর সাথে কথা বলেছি। তাদের এ সমস্যাটি দ্রুত সমাধান করবেন বলে সাংবাদিকদের জানান তিনি।

হাসাদাহে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার হাসাদাহ বাজারে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১০ ঘটিকার সময় এ শাখার উদ্বোধন করা হয়।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের জীবননগরের শাখা ব্যবস্থাপক নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ হাফিজুর রহমান হাফিজ।

বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন সেলিম মোল্লা (ওসি অপারেশন, জীবননগর থানা), চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস ছালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়শা সুলতানা লাখি, ডাকসু সদস্য ফরিদা পারভিন প্রমুখ।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে এজেন্ট ব্যাংকিং শাখার অ্যাঞ্জেল ট্রেডার্সের মাহাবুর রহমান উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনায় ছিলেন হাসাদাহ শাখার ম্যানেজার মশিউর রহমান আনন্দ।

[redacted]

[redacted]

[redacted]…

[redacted]

প্রতারণার শিকার এমন এক ভুক্তভোগী সাংবাদিকদের বলেন যে, সুজন নামের এক ব্যক্তি উক্ত সংস্থার ম্যানেজার পরিচয় দিয়ে আমাদের নিকট থেকে সঞ্চয় নিয়ে ঋণ দেওয়ার কথা বলে প্রত্যকের নিকট হতে পাঁচ হাজার টাকা করে সঞ্চয় জমা নেন। পরে ঋণ দেওয়ার নির্ধারিত তারিখের আগেই অফিস গুছিয়ে পালিয়ে গেছেন।

পরবর্তিতে ঐ সংস্থার ম্যানেজার পরিচয় দানকারী সুজনের মুঠো ফোনে একাধীকবার ফোন দিয়েও নাম্বারটি বন্ধ পাওয়া যায় । উক্ত নাম্বারটি হল ০১৯০৮-৩৮২৯৯৭ । পরে উক্ত এনজিওর একটি সঞ্চয় ও পাস বইয়ের খোঁজ মিললে উক্ত পাস বহির উপরে সংস্থার হেড অফিস ১৩ এ/ ৩ এ ব্লক বি , রাবর রোড , মোহাম্মদপুর , ঢাকা – ১২০৭ লেখা ছিল ।

এলাকাবাসী এই প্রতারক চক্র থেকে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানিয়েছেন সাথে সাথে এই সমস্ত প্রতারক চক্রকে চিহ্নিত করে অতিদ্রুত শাস্তির আওতায় আনার জন্য সকলের সহযোগিতা কামনা করেছেন।

হাসাদাহ বাজারে হাটচালীর চালের বেহাল দশা!

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলা হাসাদাহ বাজারের কাচামালের হাটচালীর চালের বেহাল অবস্থা। এটি ভেঙ্গে পড়ে যে কোন সময় ঘটতে পারে প্রাণ হানির মত বড় ধরনের দুর্ঘটনা ।

এই বাজারে অনেক দূরদূরান্ত থেকে জীবন জীবীকার তাড়নাই অনেকেই কাঁচা মালের ব্যবসা করতে আসেন । কিন্তুু এই হাটচালীর চাল অত্যন্ত ঝুঁকিপূর্ন অবস্থায় দাঁড়িয়ে আছে যে কোন সময় সেটি ভেঙ্গে পড়তে পারেন এমনিই আশঙ্খার মধ্যে সবাই ব্যবসা করে চলেছেন ।

উপস্থিত কয়েকজন কাঁচামাল ব্যবসায়ীর সাথে কথা বললে তারা খুবিই দুঃখের সাথে বিষয়টি বর্নণা করে বলেন যে , আমরা জীবনের ঝুঁকি নিয়ে এখানে ব্যবসা করি একটি চালের বেহাল দষা। আর একটি চালের নিচে কোন প্রকার বসা যায়না কারন অল্প একটু বৃষ্টি হলেই চালের নিচে জ্বলাবদ্ধতা সৃষ্টি হয়, কারণ ভীতরে মাটি নেই অনেক নিচু ।

বিষয়টি নিয়ে ঐ বাজারের ইজারাদার হাটমালিকের সাথে কথা বললে হাট মালিক হাসিবুল হক বিষু জানান যে , এই বাজারের ভীতরে প্রবেশ করার মত নেই কোন রাস্তার ব্যবস্থা । সরকারি জায়গা যেটুকু আছে সেটাও আবার বিভিন্ন লোকের দখলে, আমি এই সমস্যটি নিয়ে এলাকার সাধারণ মানুষের জন সার্থে ইতোপূর্বে সাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত ভাবে আবেদন করেছিলাম সেখান থেকে আমাদেরকে আশা দেখিয়ে ছিলেন, কিন্তুু জানিনা কি কারণে তা আর বাস্তবায়ন হয়নি ।

প্রয়জন হলে আমি আবারও বর্তমান উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত আবেদন করবো। বিষয়টি নিয়ে জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস.এম মুনিম লিংকনের সাথে কথা বললে তিনি এই সমস্যাটি অতি দ্রুত সমাধান করবেন বলে এমনটিই জানান। এটি যাতে অতি দ্রুত মেরামতের ব্যবস্থা হয় তার জন্য এলাকার সর্ব সাধারণ জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সহ উর্ধ্বতন সকলের সু-দৃষ্টি কামনা করেছেন।

হাসাদাহে জাতীয় সাংবাদিক সংস্থার অভিষেক ও শপথ অনুষ্ঠান

জীবননগর উপজেলার হাসাদাহে নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার হাসাদাহ শাখা কমিটির এক অভিষেক অনুষ্ঠান ও শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

১১ জন সদস্য বিশিষ্ট নবগঠিত এই কমিটিতে কবির আহম্মদ সভাপতি এবং বদরুজ্জামান শ্যামলকে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করা হয়।

গতকাল বিকাল ৫ ঘটিকার সময় জাতীয় সাংবাদিক সংস্থার অফিস রুমে এই শপথ গ্রহন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই শপথ বাক্য পাঠ করান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন মোহাম্মদ আলী মাস্টার, ঔষুধ ব্যবসায়ী মিজানুর রহমান, মাহববুর রশিদ বিশ্বাস,

হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন সহ নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগর হাসাদাহ ইউপি চেয়ারম্যান ও সদস্যসের বিরুদ্ধে সংবাদ সম্মেলন ও মানব বন্ধন

জীবননগর উপজেলা হাসাদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবিউল ইসলাম ও ইউপি সদস্য সোহেল রানা শ্যামলের বিরুদ্ধে হাসাদাহ জাফরাবাজ পাড়ার মৃত সিরাজ উদ্দিনের ছেলে সোহরাফ এবং ছেলে রাজুর প্রান নাশের হুমকির প্রতিবাদে এক সংবাদ সম্মেলন ও মানব বন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০ ঘটিকার সময় স্থানীয় হাসাদাহ বাজারে এলাকার প্রতিবাদি মুখোর সর্ব সাধারনের উপস্থিতে এই মানব বন্ধন অনুষ্ঠিত হয় পরে মানব বন্ধন অনুষ্ঠান শেষে বেলা ১২টার সময় হাসাদাহ প্রেসক্লাবে উপরোক্ত অভিযুক্ত ব্যাক্তিদের বিরুদ্ধে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয় ।

জানাযায়, হাসাদাহ বাজার জাফরাবাজ পাড়ায় বসবাসকারী মৃত সিরাজ উদ্দিনের ছেলে সোহরাফ আলীর নামে মাননীয় প্রধান মন্ত্রীর বিশেষ উপহার স্বরুপ ত্রান মন্ত্রনালয়ের বরাদ্দকৃত হত দারিদ্রদের মাঝে দুর্যোগ সহনিয়ো ঘর র্নিমানের জন্য সোহরাফ আলীর নামে একটি ঘর বরাদ্ধ দেওয়া হয়।

কিন্তুু সেই ঘর নির্মানের জন্য তার নিকট হতে নগদ মোট অংকের অর্থ আদায় সহ ঘর নির্মানের চরম অনিয়মের অভিযোগ তুলে দুদকের কাছে সোহরাফ আলীর ছেলে বাদি লিখিত অভিযোগ দায়ের করলে দুদক অভিযুক্ত ব্যাক্তিদের বিরুদ্ধে তদন্ত সুরু করেন পরে দুদকের তন্দত্বে উক্ত